

স্মারক নং: ০৩.০৭.২৬৬৬.৬৬১.৫১.০১৯.১৭- ১০৫


তারিখ : ০৬/০৩/২০১৮ খ্রিষ্টাব্দ

বলপ্রয়োগে বাস্তবায়িত মায়ানমার নাগরিকদের জন্য কর্মরত দেশী-বিদেশী এনজিওদের কর্মপরিশি (Framework for NGOs) প্রণয়ন

বলপ্রয়োগে বাস্তবায়িত মায়ানমার নাগরিকদের জন্য গৃহীত জরুরি ত্রাণ কার্যক্রম/প্রকল্প (এফডি-৭) বাস্তবায়নে বিভিন্ন দেশী-বিদেশী এনজিওসমূহ কাজ করছে। এনজিওসমূহ প্রকল্প অনুমোদনের পর মাঠ পর্যায়ে জেলা প্রশাসন এবং শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার এর সঙ্গে সমন্বয়ের মাধ্যমে কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। জরুরি ত্রাণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে এনজিওদের জন্য একটি কর্মপরিশি (Framework for NGOs) প্রণয়ন করা হলো।

কর্মপরিশি (Framework for NGOs)

১. অনুমোদিত এফডি-৭ অনুযায়ী সকল সামগ্রী নিয়ে সংশ্লিষ্ট এনজিওকে জেলা প্রশাসক, কক্সবাজার এর নিকট রিপোর্ট করতে হবে। প্রতি পাতায় এনজিও বিষয়ক ব্যুরো'র কর্মকর্তা কর্তৃক অনুস্বাক্ষরিত এফডি-৭ এর কপি আবশ্যিকভাবে শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে। জেলা প্রশাসক এর তত্ত্বাবধানে ও নির্দেশনা অনুযায়ী কর্মসূচি বাস্তবায়ন করতে হবে।
২. প্রকল্পভুক্ত কর্মীদের তালিকা শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর দাখিল করতে হবে। এর অতিরিক্ত কোনো কর্মীকে কার্যক্রমে সম্পৃক্ত করা যাবেনা।
৩. কার্যক্রমে সংযুক্ত সকল কর্মকর্তা/কর্মচারী/স্বৈচ্ছাসেবকদেরকে এনজিও কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত পরিচয়পত্র দৃশ্যমানভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে।
৪. শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার এবং জেলা প্রশাসক, কক্সবাজার নিকট দাখিলকৃত এফডি-৭ এর প্রাপ্তিস্বীকারপত্র ১৫ দিনের মধ্যে ব্যুরোতে দাখিল করতে হবে।
৫. কর্মসূচি বাস্তবায়নের ১৫(পনেরো) দিনের মধ্যে সমাপনী প্রতিবেদন, স্থানীয় প্রশাসনের প্রত্যয়নপত্র এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অডিট রিপোর্ট ব্যুরোতে দাখিল করতে হবে।
৬. চিকিৎসা এবং জরুরি সেবা প্রদানকারী সংস্থাসমূহ ব্যতীত কোনো এনজিও সন্ধ্যার পর আশ্রয় শিবিরে কার্যক্রম পরিচালনা করতে পারবে না।
৭. এনজিওদের কার্যক্রম মানবিক সহায়তার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে।
৮. সংস্থা/প্রকল্পের কোনো কর্মকর্তা-কর্মচারী প্রকল্প বাস্তবায়নকালে রাষ্ট্র/সরকার/ প্রত্যাবাসন বিরোধী কর্মকান্ডে জড়িত হতে পারবে না।


কে, এম, আব্দুস সালাম
মহাপরিচালক
এনজিও বিষয়ক ব্যুরো
ফোনঃ ০২৫৫০০৭৪

ইমেইলঃ dg@ngoab.gov.bd

(সংশ্লিষ্ট সকল এনজিও)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনার, কক্সবাজার।
- ৪। পরিচালক (নিবন্ধন ও অডিট/প্রকল্প-১/প্রকল্প-২), এনজিও বিষয়ক ব্যুরো।
- ৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৬। প্রোগ্রামার, এনজিও বিষয়ক ব্যুরো (ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।